

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রশাসন-১ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

স্মারক নং-স্বাসেবি/প্রশা-১/এডি/২সি-২৯/৯৪/৭৭২

তারিখঃ ১৪ মে ২০১৯ খ্রিষ্টাব্দ  
৩১ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়ঃ সিভিল সার্জন কার্যালয়, মাগুরা ও এর অধীনস্থ দপ্তরসমূহের সরাসরি নিয়োগযোগ্য ৩য় শ্রেণির (১১-১৭ গ্রেড) শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান।


সূত্রঃ স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বাসেবি/প্রশা-২/মেডিঃকঃহঃ/সিএস-অন্যান্য/ছাড়পত্র-১১/১৮/৬৪৫৩, তারিখঃ ১৯/১২/২০১৮খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪/১১/২০১০ তারিখের ০৫.১৬৬. ০২২.০০.০০.০৪৪.১৯৮৮-১৩৫৬(২৫০) সংখ্যক পরিপত্র এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২০/০৩/২০১২ তারিখের স্বাপকম/প্রশা-১/২সি-০৭/২০০৬(অংশ-১)/৪৪৪ সংখ্যক স্মারকের নির্দেশনা/শর্ত মোতাবেক প্রচলিত সকল বিধি বিধান অনুসরণ এবং নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সিভিল সার্জন কার্যালয়, মাগুরা ও তার নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানসমূহে ৩য় শ্রেণির (১১-১৭ গ্রেড) ৯৬টি শূন্য পদের মধ্যে নিম্নোক্ত ৬নং কলামে বর্ণিত কারণে সর্বমোট ১৫টি পদ বাদ দিয়ে অবশিষ্ট ৮১টি শূন্য পদে বিজ্ঞ আদালতের কোন আদেশ দ্বারা বারিত না হলে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান করা হল ও নিয়োগের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলঃ

প্রতিষ্ঠানের নাম	ক্রমিক নং	পদের নাম	প্রস্তাবিত শূন্য পদ (সংরক্ষিত পদসহ)	ছাড়কৃত শূন্য পদের সংখ্যা	১০% হারে পদ/পদোন্নতিযোগ্য ছাড়পত্র না দেয়ার কারণ	সংরক্ষিত পদ এবং
১	২	৩	৪	৫	৬	৬
সিভিল সার্জন কার্যালয়, মাগুরা ও তার নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানসমূহ	১	মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাব)	০৩	০১	২টি পদ পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য	
	২	ফার্মাসিস্ট	১৩	১২	১টি পদ সংরক্ষণ	
	৩	পরিসংখ্যানবিদ	০৪	০৪		
	৪	ষ্টোর কিপার	০৩	০৩		
	৫	অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর	১০	০৫	০১টি পদ সংরক্ষণ, ৪টি পদ পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য	
	৬	কোন্স চেইন টেকনিশিয়ান	০১	০১		
	৭	স্বাস্থ্য সহকারী	৬১	৫৫	০৬টি পদ সংরক্ষণ	
	৮	জুনিয়র মেকানিক	০১	-----	নিয়োগ বিধিমালা বহির্ভূত পদ	
			সর্বমোট=৯৬ টি	মোট=৮১টি		

শর্তাবলী:

- (১) সকল আনুষ্ঠানিকতা পালনসহ 'বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারি নিয়োগ বিধিমালা, ২০১৮' ও প্রচলিত সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (২) অস্থায়ী পদসমূহ (যদি থাকে) হালনাগাদ সংরক্ষণ করতে হবে;
- (৩) পদোন্নতিযোগ্য/বদলিজনিত/চাকুরিচ্যুতিজনিত কারণে শূন্য পদ এবং আউট সোর্সিং এর মাধ্যমে পূরণযোগ্য পদে সরাসরি জনবল নিয়োগ করা যাবে না;
- (৪) জনবল নিয়োগের ১৫ কার্য দিবসের মধ্যে স্বাস্থ্য সেবা বিভাগকে আনুষ্ঠানিকভাবে অবহিত করতে হবে;
- (৫) প্রাপ্ত প্রস্তাবে শূন্য পদে সংখ্যায় এবং অন্যান্য তথ্যে কোন গরমিল/ভারতম্য পরিলক্ষিত হলে সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ এবং স্ব স্ব প্রতিষ্ঠানের তথ্য প্রদানকারী কর্মকর্তা দায়ী থাকবেন;
- (৬) বর্তমানে ছাড়কৃত ৮১টি পদের মধ্যে যদি পূর্বে ছাড়কৃত কোন পদ অন্তর্ভুক্ত থাকে/নিয়োগ কার্যক্রম চলমান থাকে/পদের বিরুদ্ধে মামলা থাকে, সেসব পদে জনবল নিয়োগ করা যাবে না;
- (৭) সাংগঠনিক কাঠামো ও পদসৃষ্টির আদেশে অবশ্যই প্রস্তাবিত পদ থাকতে হবে। তবে, পদ সৃষ্টির আদেশে পদ থাকলে ২০১৮ সালে সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালায় তফসিলে উক্ত পদ না থাকলে নিয়োগ দেয়া যাবে না;
- (৮) ২০১৮ সালে প্রণীত নিয়োগ বিধিমালায় নেই এমন কোন পদে নিয়োগ দেয়া যাবে না এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী সরাসরি নিয়োগযোগ্য প্রতিটি পদের ক্ষেত্রে শূন্য পদের মধ্যে ১০% পদ সংরক্ষণ রাখতে হবে;
- (৯) বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারী নিয়োগ বিধিমালা ২০১৮ অনুসারে নিয়োগের জন্য প্রস্তাবকৃত শূন্য পদ, পদোন্নতিযোগ্য পদ, পদ সৃষ্টি, মামলা ইত্যাদি যাচাই/বাহাই করে নিয়োগ প্রদানের শর্তে ছাড়পত্র প্রদান করা হল।

  
(শাহিনা আক্তার)  
উপসচিব

ফোনঃ ৯৫৭৭৯৮৫

sasadmin1@mohfw.gov.bd

মহাপরিচালক

স্বাস্থ্য অধিদপ্তর

মহাখালী, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)

অনুলিপিঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সিভিল সার্জন, মাগুরা।
- ৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অতিরিক্ত সচিব(প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।